

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 14-03-2025

**Time : 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Holi :

আজ দোল পূর্ণিমা ও রঙ্গের উৎসব হোলি। প্রেমাবতার ভগবান শ্রীকৃষ্ণ চৈতন্য মহাপ্রভুর আবির্ভাব তিথি। রাজন্য আমল থেকে রাজ্যে হোলির নানা রকম সঙ্গীতের মধ্য দিয়ে হোলি উৎসব পালিত হয়ে আসছে। দোল পূর্ণিমা ও হোলি উৎসব উপলক্ষে আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দির, লক্ষ্মীনারায়ন মন্দির প্রভৃতি দেবালয়ে বিশেষ পূজা পাঠের আয়োজন করা হয়েছে।

Greetings Holi PM/ President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী হোলি উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় রাষ্ট্রপতি বলেন, এই উৎসব আমাদের জীবনে ঐক্য ও ভ্রাতৃত্ববোধের মনোভাবকে লালন করে এবং হোলির বিভিন্ন রঙ ঐক্যে বৈচিত্র্যের মূল্যবোধকে প্রতিফলিত করে। এদিকে একটি সোশ্যাল মিডিয়া পোস্টে, শ্রী মোদী বলেছেন, আনন্দ ও সুখে পরিপূর্ণ এই উৎসব সকলের জীবনে নতুন উদ্দীপনা ও শক্তি সঞ্চার করবে এবং দেশবাসীর মধ্যে ঐক্যের রং আরও গভীর করবে।

Restrictions-Holi :

শান্তিপূর্ণভাবে হোলি উৎসব উদযাপনের জন্য পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার ২নং উপধারা

অনুযায়ী সমগ্র পশ্চিম জেলায় কিছু বিধিনিষেধ জারি করেছেন। এই নিষেধাজ্ঞা আজ এবং আগামীকাল সকাল ১০টা থেকে রাত ১২টা পর্যন্ত বলবৎ থাকবে।

IWD-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, বর্তমান কেন্দ্রীয় ও রাজ্য সরকার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রদর্শিত পথে নারী স্বশক্তিকরণের লক্ষ্যে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। গতকাল রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর আয়োজিত রাজ্যভিত্তিক আন্তর্জাতিক নারী দিবস উদযাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি রাজ্যের মহিলাদের আত্মনির্ভর করে তুলতে রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে তা বিস্তারিত উল্লেখ করেন। অনুষ্ঠানে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিফু রায় নারীদের কল্যাণে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক উদ্যোগ বিস্তারিত উল্লেখ করে বক্তব্য রাখেন।

IWD- Ratan Lal Nath :

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন নারীরা সমাজ এবং পরিবারের মূল ভিত্তি। শিক্ষা, খেলাধুলা, রাজনীতি, সংস্কৃতি চর্চায় নারীদের বিশেষ ভূমিকা রয়েছে। গতকাল মোহনপুর পুর পরিষদের উদ্যোগে পুর পরিষদ কার্যালয় প্রাঙ্গণে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন তিনি। মন্ত্রী শ্রী নাথ বলেন, রাজ্যের বর্তমান সরকার নারীদের উন্নয়নের উপর বিশেষ গুরুত্বারোপ করে মহিলাদের কল্যাণে নেওয়া হয়েছে একের পর এক পরিকল্পনা। অনুষ্ঠানে সাফাই কর্মীদের সংবর্ধনা জানানোর পাশাপাশি তাদের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়।

Waves 2025 :

বিশ্বের মিডিয়া ও বিনোদন শিল্পে ভারতের অবস্থানকে সুদৃঢ় করতে এবং সৃজনশীলতা, প্রযুক্তি ও মিডিয়ার সংযোগকে সামনে আনতে ভারতের তথ্য ও সম্প্রচার মন্ত্রক মুম্বাইয়ে আগামী ১লা থেকে ৪ঠা মে পর্যন্ত 'ওয়েভস-২০২৫' এর আয়োজন করছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রকের উদ্যোগে অনুষ্ঠিতব্য 'ওয়েভস-২০২৫' নিয়ে গতকাল নতুনদিল্লির 'সুষমা স্বরাজ ভবনে' এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, "সৃজনশীলতা, মিডিয়া ও প্রযুক্তির সংযোগ বিশ্বব্যাপী মিডিয়া শিল্পকে নতুন মাত্রায় নিয়ে যাচ্ছে। 'ওয়েভস-২০২৫' এর মূল লক্ষ্য হচ্ছে, বিশ্বজুড়ে বিভিন্ন ক্ষেত্রের সৃষ্টিশীল ব্যক্তিদের এক প্ল্যাটফর্মে নিয়ে আসা।

100 Days stop TB :

টিবি মুক্ত ভারত অভিযানের ১০০ দিনের বিশেষ অভিযান গোমতি জেলাতেও চলছে। গতকাল উদয়পুরে জেলাশাসক কার্যালয়ে গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেব রায় জানান, এই জেলায় বর্তমানে ১২১ জন যক্ষ্মা রোগীর চিকিৎসা চলছে। এই বিশেষ অভিযানকালে গোমতি জেলায় এখন পর্যন্ত ১ লক্ষ ৩০ হাজার স্ক্রিনিং করা হয়েছে।

Water conservation campaign :

বনমন্ত্রী অনিমেঘ দেববর্মা বলেন ভবিষ্যতে পানীয়জল সরবরাহ, কৃষিকাজ ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে হলে জল সংরক্ষণের উপর গুরুত্ব দিতে হবে। গতকাল তুলাশিখর ব্লকের পূর্ব বাচাইবাড়ি এডিসি ভিলেজের সেন্ট পিটার বিদ্যালয় সংলগ্ন নবনির্মিত জল পরিশোধন কেন্দ্র ও মিনি ডিপ টিউবওয়েলের

উদ্বোধন করে জল সংরক্ষণ যাত্রা অভিযানের সমাপ্তি অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি একথা বলেন।

Police Transfer :

আরক্ষা প্রশাসনে ২২ জন গ্রেড-টু টিপিএস অফিসার গ্রেড-ওয়ানে উন্নীত হয়েছেন। তাছাড়া দুজন পুলিশ আধিকারিকের দায়িত্ব রদবদল করা হয়েছে। ডি.আই.জি সঞ্জয় রায়কে কে.টি.ডি.এস পুলিশ প্রশিক্ষন কেন্দ্রের অধিকর্তা পদে ও টি.এস.আরের সপ্তম ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট অনির্বাণ ধর চৌধুরীকে দশম ব্যাটেলিয়ানের কমান্ডেন্টের অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘলা থাকবে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রী সেলসিয়াস।
